তথ্য ও গণসংযোগ বিভাগ
INFORMATION AND PUBLIC RELATIONS DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

তারিখ: ২৭ জুলাই ২০২৬

# বাউবি উপাচার্যের নাম ব্যবহার করে প্রতারণার অপচেষ্টা: সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, একটি প্রতারক চক্র বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য **অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান**-এর নাম, ছবি ও পরিচয় অবৈধভাবে ব্যবহার করে +8801357078022 মোবাইল নম্বর ও সামাজিক যোগাযোগ মাধ্যমে অর্থ দাবি এবং প্রতারণামূলক কর্মকাণ্ড পরিচালনার চেষ্টা করছে।

বিশেষভাবে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, +8801357078022 মোবাইল নম্বরটি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের ব্যক্তিগত কিংবা প্রাতিষ্ঠানিক কোনো নম্বর নয়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকলকে এ ধরণের প্রতারণামূলক যোগাযোগ সম্পর্কে সর্বোচ্চ সতর্ক থাকার জন্য অনুরোধ জানাচ্ছে। মাননীয় উপাচার্য মহোদয় ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক কোনো প্রয়োজনে মোবাইল ফোন, সামাজিক যোগাযোগমাধ্যম বা অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে কারও নিকট অর্থ দাবি করেন না।

অতএব, এ ধরণেরর কোনো কল, বার্তা বা অনলাইন যোগাযোগ পেলে বিভ্রান্ত না হয়ে অর্থ লেনদেন থেকে বিরত থাকুন এবং প্রয়োজনে বিষয়টি নিকটস্থ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করুন।

সকলের সচেতনতা ও সতর্কতাই প্রতারণা প্রতিরোধের সর্বোত্তম উপায়।

**মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক**

যুগ্ম-পরিচালক



Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd